# ডাকসু নির্বাচন: যোগ্য প্রার্থীদের নিয়ে উমামা ফাতেমার নেতৃত্বে শিক্ষার্থীবান্ধব স্বতন্ত্র প্যানেল



সংগৃহীত ছবি

আসন্ন ডাকসু নির্বাচনে স্বতন্ত্র প্যানেলের নেতৃত্ব দিচ্ছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা। মনোনয়ন ফরম জমা দিয়ে তিনি জানিয়েছেন, শিক্ষার্থীদের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে যোগ্য প্রার্থীদের নিয়ে প্যানেল ঘোষণা করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে স্বতন্ত্র প্যানেল গঠনের ঘোষণা দিয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা। সোমবার (১৮ আগস্ট) মনোনয়ন ফরম জমা দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, “আমরা যোগ্যতা যাচাই করে মঙ্গলবার চূড়ান্তভাবে প্যানেল ঘোষণা করবো। আমাদের উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের জন্য কার্যকর ও শিক্ষার্থীবান্ধব একটি ডাকসু গঠন।”

জানা গেছে, উমামা ফাতেমা ভিপি পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন। জিএস পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আল সাদী ভূইয়া এবং এজিএস পদে থাকতে পারেন সমিতির বর্তমান সভাপতি মহিউদ্দিন মুজাহিদ মাহী।

LENS ASIA

এই স্বতন্ত্র প্যানেল গঠনকে অনেক শিক্ষার্থী ইতিবাচকভাবে দেখছেন। তাদের প্রত্যাশা, মূল রাজনৈতিক প্রভাব থেকে বেরিয়ে এসে শিক্ষার্থীদের প্রকৃত সমস্যা সমাধানে এই প্যানেল কার্যকর ভূমিকা রাখতে পারবে।